



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৬.১০.২০১৭ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৭ শুরু

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৭। অদ্য ১৬ অক্টোবর দুপুর ২ টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেগুন উড়িয়ে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৭ উদ্বোধন করেন এবং উদ্বোধনী পর্বে অংশগ্রহণকারী খেলোয়াড়দের সাথে কুশলাদি বিনিময় করেন। এসময় উপাচার্য মহোদয় উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, “একাডেমিক কার্যক্রমের পাশাপাশি তোমাদেরকে বিভিন্ন সহশিক্ষামূলক কার্যক্রমে আরও বেশি সম্পৃক্ত হতে হবে। কেননা এ ধরনের সহশিক্ষা কার্যক্রম উন্নত শিক্ষা ব্যবস্থার একটি আবশ্যিক অংশ। খেলাধুলার মাধ্যমে একদিকে যেমন তোমাদের শারীরিক কসরত হবে, ঠিক তেমনি আগামী দিনের খেলোয়াড়রাও বেড়িয়ে আসবে তোমাদের মধ্য হতেই”। উদ্বোধনী পর্বের খেলা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ এবং ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের মধ্যে অনুষ্ঠিত হয়। এবারের আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ১৮টি বিভাগ অংশগ্রহণ করবে। উদ্বোধনী অনুষ্ঠানে শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক এবং ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক মো: তারিকুল হক, ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের চেয়ারম্যান ড. ধীমান কুমার রায়, গনিত বিভাগের চেয়ারম্যান হেনা রাণী বিশ্বাস, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের প্রভাষক আনজুমান আরা রজনী, ইশরাত জাহান সঞ্চরী, সাইয়েদা সাবরিনা আলী সহ উভয় বিভাগের শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালক বাহাউদ্দীন গোলাপসহ দপ্তরের অন্যান্যরা উপস্থিত ছিলেন। উদ্বোধনী খেলায় মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ ২-১ গোলে জয়লাভ করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস